গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.২৩৩.২৫/ ৩৪৬৮ তারিখঃ ২৪/০৭/২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস স্মারক**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন মেসার্স স্টারলিং এ্যাপারেলস লিঃ (বিআইএন-০০০১৭৪০০৭-০৪০৩), ঠিকানা- বেরন, ইয়ারপুর, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। যার বন্ড লাইসেন্স নং- ৫২/কাস-বিডব্লিউ/২০০০, তারিখঃ ১৩/১২/২০০০ খ্রিঃ (কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা)। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০২৩ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখ ঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাস বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো ঃ

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা | সংশ্লিষ্ট কোড | পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর | অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৬) |
| মেসার্স স্টারলিং এ্যাপারেলস লিঃ (বিআইএন-০০০১৭৪০০৭-০৪০৩), ঠিকানা- বেরন, ইয়ারপুর, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯। | বিদ্যুৎ | এস ০৫৭.০০ | ১৫৭১৫৩২২ | ১০০% |
| | প্রাকৃতিক গ্যাস | ২৭১১.২১.০০ | ৭৫০৩৩৫১৬ | |

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাস বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Procceds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ইয়ারপুর সার্কেল, সাভার, ঢাকায় দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি সুবিধা **বিদ্যুৎ মিটার নম্বর-১৫৭১৫৩২২ এবং গ্যাস মিটার নম্বর-৭৫০৩৩৫১৬ তারিখঃ জুলাই/২০২৫ খ্রিঃ** হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।

(মুহাম্মদ রাশেদুল আলম)
কমিশনার
ফোনঃ ০২-৪৮০৩৭৯৬৭
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স স্টারলিং এ্যাপারেলস লিঃ
(বিআইএন-০০০১৭৪০০৭-০৪০৩),
ঠিকানা- বেরন, ইয়ারপুর, আশুলিয়া,
সাভার, ঢাকা-১৩৪৯।

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.২৩৩.২৫/ তারিখঃ........./০৭/২০২৫ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

০১। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যার্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

০৩। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

০৪। ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, আঞ্চলিক বিতরন কার্যালয়, সাভার, ঢাকা।

০৫। ডেপুটি জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, আশুলিয়া জোনাল অফিস, সাভার, ঢাকা।

০৬। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার বিভাগ, সাভার, ঢাকা [ তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো]

০৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ইয়ারপুর সার্কেল, সাভার, ঢাকা। [তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর পরিশিষ্ট-খ মোতাবেক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন]

(মঈন উদ্দিন আহমেদ)
সহকারী কমিশনার (চঃ দাঃ)
কমিশনারের পক্ষে